পাকিস্তানকে হটিয়ে শীর্ষে অস্ট্রেলিয়া

পাকিস্তানকে হটিয়ে ওয়ানডে র্যাংকিংয়ে শীর্ষে উঠেছে অস্ট্রেলিয়া। দক্ষিণ আফ্রিকাকে উড়িয়ে দিয়ে শীর্ষস্থান ফিরে পেয়েছে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া।

শনিবার (৯ সেপ্টেম্বর) রাতে ব্লুমফন্টেইনে সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে রানের পাহাড় গড়ে প্রোটিয়াদের হারায় অজিরা। টস হেরে আগে ব্যাট করে ডেভিড ওয়ার্নার আর মারনাশ লাবুশানের সেঞ্চুরিতে ৩৯২ রান করে ফেলে তারা। জবাবে ব্যাটিংয়ে নেমে ১২৩ রানে হারে দক্ষিণ আফ্রিকা।

এই জয়ের পর পাকিস্তানকে পিছিয়ে ফেলে নিয়ে এক নম্বরে উঠে যায় অজিরা। অস্ট্রেলিয়ার রেটিং পয়েন্ট ১২১। পাকিস্তান ১২০ রেটিং পয়েন্ট নিয়ে দুইয়ে অবস্থান করছে। তবে আজ এশিয়া কাপে সুপার ফোরের ভারতের বিপক্ষে ম্যাচ জিতলেই এক নম্বরে চলে যাবে পাকিস্তান।

সূত্র: ইত্তেফাক

জিততে ২৫৮ রান প্রয়োজন বাংলাদেশের

শ্রীলঙ্কার কাছে হেরে এশিয়া কাপ শুরু করেছিলো বাংলাদেশ। সেই লঙ্কানদের বিপক্ষে সুপার ফোরে বাঁচা-মরার ম্যাচে মাঠে নামে লাল-সবুজের প্রতিনিধিরা। প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ৯ উইকেট হারিয়ে ২৫৭ রান সংগ্রহ করেছে শ্রীলঙ্কা। টুর্নামেন্টের ফাইনালে খেলার আশা বাঁচিয়ে রাখতে ২৫৮ রান করতে হবে বাংলাদেশকে।

শনিবার (৯ সেপ্টেম্বর) পাল্লেকেলেতে টস জিতে লঙ্কানদের ব্যাটিংয়ে পাঠান অধিনায়ক সাকিব আল হাসান। টস হেরে ব্যাট করতে নেমে শ্রীলঙ্কাকে ভালো শুরু এনে দেন দুই ওপেনার পাথুম নিশাঙ্কা ও

চুয়াডাঙ্গায় দর্শক মাতালেন সাপুড়েরা

চুয়াডাঙ্গা সদর উপজেলার ঠাকুরপুর গ্রামে ঐতিহ্যবাহী ঝাপান খেলা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল নয়টার থেকে বিকাল সাড়ে পাঁচটা পর্যন্ত চলে এই ঝাপান খেলা।

চুয়াডাঙ্গা সদরের ঠাকুরপুর গ্রামের সাপুড়ে ইউসুফ আলীর আয়োজনে চলে সাপ নিয়ে বিভিন্ন অঙ্গভঙ্গি দিয়ে সাপের খেলা।
ঝাপান খেলায় চুয়াডাঙ্গা সদরের দুইটি দল অংশগ্রহণ করে গাইদঘাটের সাপুড়ে ওলিউর রহমানের টিম ও ঠাকুরপুরের সাপুড়ে ইউসুফ আলীর টিম। মোট ২৫ টি সাপ নিয়ে চলে দুই দলের সাপের ঐতিহ্যবাহী ঝাপান খেলার সাপ নিয়ে বিভিন্ন অঙ্গভঙ্গি দিয়ে নাচ গান।

এ সময় সাপুড়ে ইউসুফ আলী বলেন, এই সাপ খেলা দেখতে বিভিন্ন গ্রাম থেকে লোকের আগমন হয়েছে। আমরা দেশের বিভিন্ন স্থানে সাপ খেলা করে থাকি। আমরা এই খেলাটি দেখাতে পারলে নিজেদের আনন্দ লাগে। এই খেলাটি সব সময় না হওয়ার কারণে এই খেলাটি বিলুপ্তির পথে চলে যাচ্ছে। আমরা যারা সাপুরে আছি তারা প্রতিনিয়ত চাই এই খেলাটি বিভিন্ন গ্রাম এবং জেলাতে প্রতিনিয়ত আয়োজন করা হোক।

ঠাকুরপুর গ্রামের বিভিন্ন শ্রেণীর পেশার শিশু থেকে বৃদ্ধা শ্রেণীর মানুষ এই খেলা দেখতে ভিড় করে এবং বৃদ্ধা শ্রেণীর মানুষের কাছে এটি পরিচিত হলেও শিশু ও যুবকদের কাছে অনেক অপরিচিত। তারা এই আয়োজন পরবর্তী সময়েও দেখতে চাই। স্কুল শিক্ষার্থীরা বলে ঝাপান খেলার কথা আব্বু আম্মুর কাছে শুনেছি কিন্তু আজ এখানে হচ্ছে শুনে আমরা সকল বন্ধুরা একসাথে এসেছি। এ সময় তারা সাপের ফণা তুলে খেলা দেখে আনন্দ পেয়েছে।

সাপুড়েদের ভিতরে উপস্থিত ছিলো সাপুড়ে রাজু আহমেদ, রওসন,রহমান সহ অনেকে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মিনিটে কলোম্বোয় পা রাখে টাইগাররা।

বিমান বন্দর থেকে সরাসরি টিম হোটেলে গেছে বাংলাদেশ। আজ অনুশীলন না করে বিশ্রাম করে সময় কাটাবেন তারা। আগামী শুক্রবার (৮ সেপ্টেম্বর) বিকেলে অনুশীলন করবে টাইগাররা।

আগামী শনিবার (৯ সেপ্টেম্বর) শ্রীলঙ্কার বিপক্ষে মাঠে নামবে সাকিবের দল। ফাইনালের লড়াইয়ে টিকে থাকতে এই ম্যাচে জয়ের বিকল্প নেই টাইগারদের।

সূত্র: ইত্তেফাক

দলের সঙ্গে পাকিস্তানে লিটন

এশিয়া কাপের শুরু থেকেই দলের সঙ্গে থাকার কথা ছিলো টাইগার স্টাইলিশ ওপেনার লিটন কুমার দাসের। তবে স্কোয়াড যেদিন দেশ ছাড়ে সেইদিন ভাইরাস জ্বরে আক্রান্ত হওয়ায় দলের সঙ্গে যেতে পারেনি এই ওপেনার। পরে দুইদিন পর্যবেক্ষণে রাখা হয় তাকে সে সময়ও জ্বর না কমায় প্রথম ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে খেলতে নামার আগে তাকে স্কোয়াড থেকে বাদ দিয়ে যুক্ত করা হয় আরেক উইকেটরক্ষক ব্যাটার এনামুল হক বিজয়কে। তবে সেসময় বাংলাদেশ ক্রিকেট বোর্ডের প্রধান নির্বাচক জানিয়েছিলেন যদি বাংলাদেশ এই টুর্নামেন্টের সুপার ফোরে ওঠে তাহলে দলের সঙ্গে যুক্ত হতে পারে লিটন।

গত পরশু রাতে এশিয়া কাপের গ্রুপ পর্বের নিজেদের দ্বিতীয় খেলোয়াড় আফগানিস্তানের বিপক্ষে ৮৯ রানের বড় জয় পেয়েছে টাইগাররা। এতে প্রথম ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে হারার পরও এক কথায় নিশ্চিতই হয়ে গেছে এই টুর্নামেন্টে সুপার ফোরে খেলবে সাকিব আল হাসানরা। আর তাতেই বর্তমানে সুস্থ থাকায় গতকাল রাতে দলের সঙ্গে যুক্ত হতে পাকিস্তানের উদ্দেশে ঢাকা ছেড়ে গিয়েছেন লিটন কুমার দাস। জানা গেছে, গতকাল রাত ৯.১৫ মিনিটে কাতার এয়ারওয়েজের একটি ফ্লাইটে দেশ ছেড়েছেন তিনি। আগে থেকেই তার নামে এই বিমানের একটি ফ্লাইটে টিকিট কাটা ছিলো।

এদিকে লিটন পাকিস্তানে গেলেও যোগ দিতে পারবেন না দলের সঙ্গে। কেননা তিনি ছাড়াই স্কোয়াডে বর্তমানে রয়েছে ১৭ জন। লিটনসহ এখন
১৮। আর এশিয়ান ক্রিকেট কাউন্সিলের নিয়ম অনুসারে কোনো দলই ১৭ জনের বেশি স্কোয়াড সাজাতে পারবে না। সেক্ষেত্রে অন্য কোনও ক্রিকেটারের ইনজুরি হলে এবং সেই ক্রিকেটার টুর্নামেন্ট থেকে ছিটকে গেলে এসিসির অনুমোদন দিয়ে তবেই দলের সঙ্গে ‘বৈধ উপায়ে’ থাকতে পারবেন লিটন। এ বিষয়ে বিসিবির প্রধান নির্বাচক মিনহাজুল আবেদীন নান্নু জানিয়েছেন, লিটনকে নিয়ে যাওয়ার জন্য তো কাউকে ইনজুরিতে পড়তে হবে। দল তো ১৭ জনের হয়ে গেছে। তবে কিছু ইনজুরি শঙ্কা আছে দলে। আমরা আলোচনা করছি আপাতত। তাই পাকিস্তানে গেলেও লিটন থাকবে টাইগারদের ব্যাকাপ পরিকল্পনায়।

সূত্র: ইত্তেফাক

এমবাপ্পের জোড়া গোলে সহজ জয় পিএসজির

কিলিয়ান এমবাপ্পের জোড়া গোলে লিওঁ’র বিপক্ষে ৪-১ গোলের সহজ জয় পেয়েছে পিএসজি। রোববার (৩ সেপ্টেম্বর) লিগ ওয়ানের এই ম্যাচে একটি করে গোল করেছেন আশরাফ হাকিমি এবং মার্কো অ্যাসেনসিও।

ম্যাচে শুরু থেকে লিওঁ’র বিপক্ষে চড়াও হয়ে খেলতে থাকে পিএসজি। ম্যাচের প্রথমার্ধের ৪ মিনিটে পেনাল্টি থেকে গোল করে দলকে এগিয়ে দেন এমবাপ্পে। এরপর ম্যাচের ২০ ও ৩৮ মিনিটে দুইটি গোল করে ব্যবধান বাড়ায় পিএসজি। প্রথমার্ধের অতিরিক্ত সময়ে ফের গোল করেন এমবাপ্পে। চার গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় পিএসজি।

বিরতি থেকে ফিরে দ্বিতীয়ার্ধে অবশ্য গোল করতে পারেনি পিএসজি। তবে উল্টো এক গোল হজম করে ফরাসি চ্যাম্পিয়নরা। ম্যাচের ৭৪ মিনিটে পেনাল্টি থেকে গোল করেন মিডফিল্ডার কোরেন্টিন টলিসো। এই গোল শুধু ব্যবধানটায় কমিয়েছে লিওঁ। শেষ পর্যন্ত আর গোল না হলে ম্যাচে ৪-১ গোলে জয় নিয়ে মাঠ ছাড়ে পিএসজি। এই জয়ে টেবিলের দ্বিতীয় স্থানে অবস্থান করছেন পিএসজি। আর টেবিলের একেবারে

তলানিতে অবস্থান করছে লিওঁ।

সূত্র: ইত্তেফাক

বাঁচা-মরার লড়াইয়ে ব্যাটিংয়ে বাংলাদেশ

এশিয়া কাপে বাঁচা-মরার লড়াইয়ে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ। আজ (রোববার) লাহোরের গাদ্দাফি স্টেডিয়ামে টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেন অধিনায়ক সাকিব আল হাসান।

এশিয়া কাপে নিজদের প্রথম ম্যাচে শ্রীলঙ্কার কাছে ৫ উইকেটে হারে বাংলাদেশ। ফলে টুর্নামেন্টে টিকে থাকতে এই ম্যাচে জয়ের বিকল্প নেই বাংলাদেশের সামনে। তাই বাঁচা-মরার লড়াইয়ে জয়ের জয় পেতে মরিয়া টাইগাররা।

এই ম্যাচে একাদশে তিন পরিবর্তন নিয়ে মাঠে নামছে বাংলাদেশ। অভিষেক হচ্ছে শামীম হাসান পাটোয়ারির। একাদশে ফিরেছেন আফিফ হোসেন ও হাসান মাহমুদ। একাদশের বাইরে ছিটকে গেছেন তানজিদ হাসান তামিম, শেখ মেহেদী হাসান ও মুস্তাফিজুর রহমান।

অন্যদিকে এই ম্যাচ দিয়ে এশিয়া কাপ মিশন শুরু করবে আফগানিস্তান। বাংলাদেশের বিপক্ষে ভালো করার ব্যাপারে আত্মবিশ্বাসী তারা। ম্যাচ পূর্ব সংবাদ সম্মেলনে আফগান অধিনায়ক হাশমতুল্লাহ শাহিদী বলেছিলেন, ‘হ্যাঁ, আমি বেশ আশাবাদী। কারণ আমরা আগের থেকে শক্তিশালী ইউনিট। আমরা এই দলের সঙ্গে দুই বছর ধরে কাজ করছি। দেখুন, আমাদের দলে অনেক তরুণ আছে, যারা কিনা প্রতিভাবান। আমি বিশ্বাস করি আমরা আগে যা করেছি তার চেয়ে ভালো পারফরম্যান্স আমরা করবো।’

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় মরহুম আঙ্গির মোল্লা স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নের ডিঙ্গেদহ বাজার বাফার মাঠে আজ শুক্রবার দুপুর সাড়ে তিনটার সময় টুর্নামেন্টের শুভ উদ্বোধন করা হয়।

টুর্নামেন্টে শংকরচন্দ্র ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ৪নং ওয়ার্ডের সাবেক মেম্বর আবুল কালাম আজাদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

উদ্বোধনী খেলায় দুরন্ত কোলনী সংঘ ও সরিষাডাঙ্গা টাইগার স্পোর্টিং ক্লাব অংশগ্রহণ করে। নিদিষ্ট সময় শেষে কোন দল গোল না পাওয়াই খেলা ট্রাইবেকার গড়াই। ট্রাইবেকারে দুরন্ত কোলনী সংষ জয়লাভ করে। টুর্নামেন্ট মোট ১৬ দল অংশগ্রহণ করবে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেহালা ইউনিয়ন যুবলীগের আহবায়ক ও চেয়ারম্যান শিলন আহমেদ, চুয়াডাঙ্গা জেলা যুবলীগ নেতা রামিম হাসান সৈকত, সুইট আহমেদ, এবি ট্রেডার্সের নির্বাহী পরিচালক আশির উদ্দিন বিশ্বাস ইমরান, রাসেল হাসান নয়ন, আবু সুফিয়ান,মাহফুজ, সেলিম, শুভ,আলিফ,রাজু।

ম্যাচটি পরিচালনা করেন বাবুল মুন্সি। উদ্বোধনী অনুষ্ঠানে প্রাণবন্ত সঞ্চালনা করেন আবু হানজালা।